

ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৪৭.২৫- ১৮৮৫

তারিখ: ৪/১২/২০২৫খ্রি.

বিষয়: আগামী ৬-১১ ডিসেম্বর ২০২৫ দেশব্যাপী অনুষ্ঠিতব্য পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের যৌথ অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও ইউএনএফপিএ'র যৌথ উদ্যোগে আগামী ৬-১১ ডিসেম্বর ২০২৫ খ্রি. দেশব্যাপী “পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ” উদযাপিত হতে যাচ্ছে। উক্ত সপ্তাহে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য এবং কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে বিশেষ প্রচার-প্রচারণাসহ সেবা প্রদান করা হবে। “পরিকল্পিত পরিবার, নিরাপদ মাতৃত্বের অঙ্গীকার- এ প্রতিপাদ্যের আলোকে সেবা ও প্রচার সপ্তাহে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী দপ্তরের কর্মকর্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধি এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সম্বন্ধে অ্যাডভোকেসি সভা আয়োজন;
- কেন্দ্রীয়ভাবে প্রণীত কর্মসূচীর আলোকে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবেন;
- প্রতিপাদ্যের আলোকে ব্যাপক প্রচার-প্রচারণার নিমিত্ত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, বিশেষ স্যাটেলাইট ক্লিনিক ও উঠান বৈঠকের আয়োজন;
- জেলা, উপজেলা ও তদনিম্ন পর্যায়ে পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ক সেবা প্রদান;
- প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবাসহ প্রাতিষ্ঠানিক ডেলিভারি এবং কিশোর-কিশোরীদের সেবা প্রদানে বিশেষ উদ্যোগ গ্রহণ;
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যেসব মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে জরুরি প্রসূতি সেবা (ইওসি) চালু রয়েছে, সে সকল হাসপাতালে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ; এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কর্তৃক মজুদ স্বাপেক্ষে প্রয়োজনীয় লজিস্টিক্স ও এমএসআর সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- সেবা সপ্তাহ চলাকালীন দীর্ঘমেয়াদী এবং স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ পূর্বক সার্বিক সহযোগিতা প্রদান;
- উভয় অধিদপ্তরের অধীন সকল সেবাকেন্দ্রে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ;
- বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে জেলা পর্যায়ে সিভিল সার্জন ও উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এ বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করবেন;

উপর্যুক্ত বিষয়সমূহের প্রতি গুরুত্ব প্রদানপূর্বক পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সম্মিলিতভাবে উদযাপন ও সফল বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

অধ্যাপক ডা. মোঃ আবু জাফর
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর

ডা. আশরাফী আহমদ, এনডিসি
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সকল)-----স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল) -----বিভাগ।
- ৫। যুগ্ম সচিব (সকল)----- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পরিচালক (সকল)----- ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৮। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা/স্বাস্থ্য (সকল) -----বিভাগ।
- ৯। পরিচালক, এমএফএসটিসি(মোহাম্মদপুর)/এমসিএইচটিআই (আজিমপুর),(লালকুঠি), ঢাকা।
- ১০। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ১১। সিভিল সার্জন-----জেলা।(সংশ্লিষ্ট জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)
- ১২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)----- জেলা।
- ১৩। অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
- ১৪। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/সিসি (সকল)-----জেলা।
- ১৫। মেডিকেল অফিসার (ক্লিনিক)(সকল)----- মা ও শিশু কল্যাণ কেন্দ্র-----জেলা।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) -----উপজেলা-----জেলা।
- ১৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) ----- উপজেলা-----জেলা।
- ১৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ----- উপজেলা-----জেলা।
- ১৯। সহকারী সচিব (জনসংখ্যা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২০। টেকনিক্যাল অফিসার (HMIS & LMIS) UNFPA, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ২১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২২। অফিস কপি


০২/০২/২৫
মীর সাজেদুর রহমান
পরিচালক (প্রশাসন)

ও
পরিচালক (আইইএম) [ছুটি বিকল্প]
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ইমেইল: iemd@fp@gmail.com
ফোন: ০২-৫৫০১২৩৫০